

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৬৯০

৮/ সাওম (রোজা) (كتاب الصوم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ দুই ঈদের মাস কম হয় না।

### باب مَا جَاءَ شَهْرًا عِيدٍ لَا يَنْقُصَانِ

আরবী

حَدَّثَنَا أَبُو سَلَمَةَ، يَحْيَى بْنُ خَلْفِ الْبَصْرِيِّ حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ، عَنْ خَالِدِ الْحَدَّاءِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرَةَ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " شَهْرًا عِيدٍ لَا يَنْقُصَانِ رَمَضَانُ وَذُو الْحِجَّةِ ". قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي بَكْرَةَ حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُرْسَلًا . قَالَ أَحْمَدُ مَعْنَى هَذَا الْحَدِيثِ " شَهْرًا عِيدٍ لَا يَنْقُصَانِ ". يَقُولُ لَا يَنْقُصَانِ مَعًا فِي سَنَةٍ وَاحِدَةٍ شَهْرُ رَمَضَانَ وَذُو الْحِجَّةِ إِنْ نَقَصَ أَحَدُهُمَا تَمَّ الْآخَرُ . وَقَالَ إِسْحَاقُ مَعْنَاهُ " لَا يَنْقُصَانِ " يَقُولُ وَإِنْ كَانَ تِسْعًا وَعِشْرِينَ فَهُوَ تَمَامٌ غَيْرُ نَقْصَانٍ . وَعَلَى مَذْهَبِ إِسْحَاقٍ يَكُونُ يَنْقُصُ الشَّهْرَانِ مَعًا فِي سَنَةٍ وَاحِدَةٍ .

বাংলা

৬৯০. ইয়াহইয়া ইবনু খালফ বাসরী (রহঃ) ..... আবু বকরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দুই ঈদের মাস রমায়ান ও যুলহিজ্জা (একসঙ্গে) হ্রাস পায় না। - ইবনু মাজাহ ১৬৫৯, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৯২ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ঈসা (রহঃ) বলেন, আবু বকরা (রাঃ) থেকে বর্ণিত হাদিসটি হাসান। এই হাদিসটি আবদুর রহমান ইবনু আবু বকরা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে মুরসালরূপে বর্ণিত আছে। ইমাম আহমাদ (রহঃ) বলেন, দুই ঈদের মাস একসাথে কম হয় না। একটি মাস যদি কম হয় তবে অপরটি পূর্ণ হবে। ইসহাক (রহঃ) বলেন, কম হবেনা অর্থ হল, মাসটি উনত্রিশ দিনে হলেও এটি পূর্ণ মাস হিসেবে গণ্য। তাতে কোন অপূর্ণতা নেই। ইসহাক (রহঃ) এর মতানুসারে বুঝা যায়, একই বছরে এই দুই মাস কম হতে পারে।

English

Abdur-Rahman bin Abi Bakrah narrated from his father that :  
the Messenger of Allah said: "The two months of Eid will not both be  
deficient: Ramadn and Dhul-Hijjah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17879>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন